কালের কণ্ঠ

তারিখ 06 DEC 2015
পৃষ্ঠা ৩ কলাম ২

# 'ভালো শিক্ষার্থীদের রাজনীতিতে আসা জরুরি'

শিক্ষাবিদ ড. শফিক আহমেদ সিদ্দিক বলেছেন, 'ভালো ছাত্ররা এখন রাজনীতিবিমুখ। ভবিষ্যতে রাজনীতির উজ্জ্বল রূপ দেখতে হলে মেধাবী শিক্ষার্থীদের অবশ্যই রাজনীতিতে আনতে হবে।' রাজধানীতে গতকাল এক সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ মন্তব্য করেন তিনি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগের প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন 'ডাক্সবা'র সভাপতি হাসান আহমেদ চৌধুরী কিরণকে ওই সংবর্ধনা দেওয়া হয়। শিশু অধিকার নিয়ে কাজ করায় সম্প্রতি যুক্তরাষ্ট্রের একটি বিশ্ববিদ্যালয়ে সম্মাননা পান কিরণ। সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা রিপোর্টার্স ইউনিটির সভাপতি জামাল উদ্দিন।

শফিক আহমেদ সিদ্দিক বলেন, 'কিরণের মতো অসংখ্য ছাত্র নিজ নিজ পেশায় আলো ছড়িয়ে চলেছেন। ছাত্রদের যেকোনো অর্জন ও প্রাপ্তি শিক্ষকদের কাছে সব সময়ই আনন্দময়।' নিজ সন্তান টিউলিপের কথা উল্লেখ করে তিনি বলেন, 'ব্রিটিশ পার্লামেন্টে তার বিজয় আমাকে যেভাবে উচ্ছ্বসিত করেছিল, তোমাদের অর্জনেও আমি তেমনি উচ্ছ্বসিত হই।' সংবাদ বিজ্ঞপ্তি।